



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১৫৩০

তারিখ: ০৬/০৩/২০২৪ খ্রি.

মোঃ মিজানুর রহমান

প্রোগ্রাম কো-অর্ডিনেটর

'Program on Agricultural and Rural Transformation for


Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER)' প্রকল্প

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।

বিষয়: GAP প্রোটোকল চূড়ান্তকরণ স্টেকহোল্ডার কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ১৫টি ফসলের GAP প্রোটোকল তৈরির বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে চলতি অর্থবছরে ৮টি ফসলের (আম, কাঁঠাল, পেয়ারা, বেগুন, পটল, লাউ, বরবটি, কাঁচাপেঁপে) GAP প্রোটোকল তৈরির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে উক্ত ফসলসমূহের খসড়া GAP প্রোটোকল প্রণয়ন করা হয়েছে। খসড়া GAP প্রোটোকলসমূহ অধিকতর যাচাই-বাছাইপূর্বক চূড়ান্তকরণের লক্ষ্যে আগামী ১১ ও ১২ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ বিএআরসি'র অডিটরিয়ামে স্টেকহোল্ডার কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, আগামী ১১ মার্চ, ২০২৪ তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসিতে GAP প্রোটোকল চূড়ান্তকরণ স্টেকহোল্ডার কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(ড. মোঃ আবদুছ হালাম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২। ড. মোঃ আশরাফুল আলম, এজেক্সি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ঢাকা।

৩। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।